

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-১ অধিশাখা

স্মারক নং- স্থাসবি/পাস-১/অঃ আঃ-৪/২০০৫- ৬৬০

তারিখ : ১৬ চৈত্র ১৪২৩
৩০ মার্চ ২০১৭

অফিস আদেশ

যেহেতু, আপনি জনাব মোঃ মনির হোসেন মোল্লা, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, টাঙ্গাইল বিভাগে কর্মরত অবস্থায় আপনাকে ০৬/০৩/২০১৬ তারিখে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ডিজাইন বিভাগ, ঢাকায় বদলী (Stand Released) করা হয়;

যেহেতু, আপনাকে ১৫(পনের) কার্যদিবসের মধ্যে বদলীকৃত কর্মস্থলে যোগদানের জন্য বলা হলেও আপনি নির্ধারিত সময়ে যোগদান করেননি;

যেহেতু, নির্ধারিত সময়ে বদলীকৃত (Stand Released) কর্মস্থলে যোগদান না করার কারণে আপনাকে প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ১১/৪/২০১৬, ২৬/৪/২০১৬ ও ১১/৫/২০১৬ তারিখে কৈফিয়ত তলব করেন;


যেহেতু, আপনি যথাসময়ে কৈফিয়ত তলবের জবাব দেননি;

যেহেতু, আপনি নির্ধারিত সময়ের মধ্যে বদলীকৃত (Stand Released) কর্মস্থলে যোগদান না করে ৬৮(আটষাট) দিন পরে অর্থাৎ ২৯/০৫/২০১৬ তারিখে যোগদান করেছেন;

যেহেতু, আপনাকে নির্ধারিত সময়ে বদলীকৃত (Stand Released) কর্মস্থলে যোগদান না করার কারণে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় এবং যেহেতু আপনার জবাব সন্তোষজনক হয়নি;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) বিধি অনুসারে আপনি জনাব মোঃ মনির হোসেন মোল্লা, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ডিজাইন বিভাগ, ঢাকা-কে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

২। সাময়িক বরখাস্তকালীন আপনি বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হবেন।



আবদুল মালেক
সচিব

স্মারক নং- স্থাসবি/পাস-১/অঃ আঃ-৪/২০০৫-

তারিখ : ১৪ চৈত্র ১৪২৩
২৮ মার্চ ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ০১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ০২। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ০৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত/পরিকল্পনা/পানি সম্পদ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ০৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ৮৩/বি, মোচাক টাওয়ার (১১ তলা), মালিবাগ, ঢাকা।
- ০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
- ০৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
- ০৯। মোঃ মনির হোসেন মোল্লা, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ডিজাইন বিভাগ, ঢাকা।


মোঃ খাইরুল ইসলাম
উপসচিব